

🗏 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২ : ৯৬

া আরবি মূল আয়াত:

فَلَمَّا أَن جَآءَ البَشِيرُ اَلقَٰهُ عَلَى وَجهِ فَارتَدَّ بَصِيرًا قَالَ اَلَم اَقُل لَّكُم اللهِ مَا لَا تَعلَمُونَ ﴿ ٩٤﴾

অতঃপর যখন সুসংবাদদাতা এল, তখন সে জামাটি তার চেহারায় ফেলল। এতে সে দৃষ্টিশক্তি ফিরে পেল, বলল, 'আমি কি তোমাদেরকে বলিনি, নিশ্চয় আমি আল্লাহর পক্ষ থেকে যা জানি তোমরা তা জান না'। — আল-বায়ান সুসংবাদদাতা যখন এসে হাযির হল, তখন সে জামাটি ই'য়াকুবের মুখমণ্ডলের উপর রাখল, তাতে সে দৃষ্টিশক্তি ফিরে পেল। সে বলল, 'আমি কি তোমাদের বলিনি যে, আমি আল্লাহর নিকট হতে যা জানি তা তোমরা জান না।' — তাইসিক্রল

অতঃপর যখন সুসংবাদ বাহক উপস্থিত হল এবং তার মুখমণ্ডলের উপর জামাটি রাখল তখন সে দৃষ্টিশক্তি ফিরে পেল। সে বললঃ আমি কি তোমাদেরকে বলিনি যে, আমি আল্লাহর নিকট হতে যা জানি তোমরা তা জাননা। — মুজিবুর রহমান

And when the bearer of good tidings arrived, he cast it over his face, and he returned [once again] seeing. He said, "Did I not tell you that I know from Allah that which you do not know?" — Sahih International

৯৬. অতঃপর যখন সুসংবাদবাহক উপস্থিত হল এবং তার চেহারার উপর জামাটি রাখল তখন তিনি দৃষ্টিশক্তি ফিরে পেলেন।(১) তিনি বললেন, আমি কি তোমাদেরকে বলিনি যে, আমি আল্লাহর কাছ থেকে যা জানি তা তোমরা জান না?

(১) অর্থাৎ যখন সুসংবাদদাতা কেনানে পৌছল এবং ইউসুফ আলাইহিস সালাম-এর জামা ইয়াকুব আলাইহিস সালাম-এর চেহারায় রাখল, তখন সঙ্গে সঙ্গেই তার দৃষ্টি শক্তি ফিরে এল।

তাফসীরে জাকারিয়া

(৯৬) অতঃপর যখন সুসংবাদবাহক উপস্থিত হল এবং তার মুখমন্ডলের উপর জামাটি রাখল তখন সে দৃষ্টিশক্তি ফিরে পেল।[1] সে বলল, 'আমি কি তোমাদেরকে বলিনি যে, আমি আল্লাহর নিকট হতে তা জানি, যা তোমরা জান না?' [2]

- [1] অর্থাৎ, যখন সুসংবাদদাতা এসে ইয়াকূব (আঃ)-এর চেহারায় উক্ত জামা রাখল, তখন অলৌকিকভাবে তাঁর দৃষ্টিশক্তি ফিরে এল।
- [2] কেননা আমার নিকট জ্ঞানের একটি মাধ্যম অহীও আছে, যা তোমাদের মধ্যে কারো কাছে নেই। উক্ত অহীর মাধ্যমে মহান আল্লাহ স্বীয় নবীদেরকে প্রয়োজন ও চাহিদা অনুপাতে অবস্থা সম্পর্কে অবহিত করে থাকেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1692

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন